



রাশেদ খান মেনন এমপি- ফাইল ছবি

বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেনন এমপি বলেছেন, ডাকসু সব ঐতিহাসিক পরিবর্তনে অগ্রণী ভূমিকা পালন করেছে। রাজনীতির বাইরেও সাহিত্য-সংস্কৃতি- ক্রীড়া ক্ষেত্রে ছাত্রদের প্রতিভা বিকাশে ডাকসুর ভূমিকা অনন্য ছিল। একটি সুন্দর ও স্বচ্ছ পরিবেশে সেই ডাকসু নির্বাচন হোক- এটাই সবার কামনা। ডাকসুকে তার পুরনো ঐতিহ্যে ফিরিয়ে আনতে হবে, এটাই হোক আজকের প্রত্যয়।

বৃহস্পতিবার রাজধানীর তোপখানা রোডের ওয়ার্কার্স পার্টির কেন্দ্রীয় কার্যালয়ে ডাকসু নির্বাচনে বাংলাদেশ ছাত্র মৈত্রী সমর্থিত রাসেল-শিতি প্যানেলের নেতারা দেখা করতে এলে রাশেদ খান মেনন এসব কথা বলেন।